



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং-০১

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০২ জুন ২০২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**‘১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্নআয়ের পেশাজীবী,  
স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম’ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগের সার্কুলার নং ০১/২০২১, সার্কুলার লেটার নং যথাক্রমে ০১/২০২২ এবং ০১/২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক এবং সাম্প্রতিক গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত কৃষকদের অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখার নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো:

- ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত “কৃষক স্মার্ট কার্ড নীতিমালা-২০২৫” অনুসারে কৃষক স্মার্ট কার্ডধারী প্রান্তিক/ভূমিহীন কৃষকদের ১০ টাকার হিসাব খোলা এবং এ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান। তবে, বর্ণিত স্কিমের আওতায় ঋণপ্রাপ্তিতে কার্ডবিহীন প্রান্তিক/ভূমিহীন কৃষকগণ যেন কোনভাবে বঞ্চিত না হন সে বিষয়েও সচেতন থাকা এবং
- খ) সাম্প্রতি গ্রীষ্মকালীন অতিবৃষ্টির কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বিশেষত হাওর এলাকায় পাকা ধান ও অন্যান্য ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এ প্রেক্ষিতে সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা ও ময়মনসিংহ অঞ্চলের হাওর এলাকার পাশাপাশি দেশের অন্যান্য জেলায় অতিবৃষ্টিজনিত ফসলহানির কারণে ক্ষতিগ্রস্ত প্রান্তিক/ভূমিহীন কৃষকদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান।

৩। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটার এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইকবাল মহসীন)

পরিচালক (এফআইডি)

ফোন : ০২-৯৫৩০৩৪৩